ঝিনাইদহ ম্যাজিক জাল ও চায়না দোয়ারি ভস্মিভুত

ঝিনাইদহ সদর উপজেলা বিভিন্ন নদী ও খালে মৎস্য আইন বাস্তবায়ন কার্যক্রম শুরু হয়েছে। শনিবার দিনব্যাপী উপজেলা নির্বাহী অফিসার এস এম শাহিন ও সহকারী কমিশনার (ভূমি) শারমিন আক্তার সুমির নেতৃত্বে বিভিন্ন এলাকায় অভিযান চালানো হয়।

এই অভিযানে ঝিনাইদহ সদর সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা গোলাম সরোয়ার পরাগ ও ১৭ ইউনিয়নের চেয়ারম্যানের নেতৃত্বে ১৭ টি টিমসহ মোট ১৯টি অভিযানিক দল গোটা উপজেলায় অভিযান চালিয়ে ১৬ হাজার মিটার দৈর্ঘ্য ১০৭টি চায়না দোয়ারি/ম্যাজিক জাল যার মূল্য ৭ লাখ টাকা ও ৭ টি অবৈধ বাঁধ উচ্ছেদ করে। এ সময় মোবাইল কোর্টের মাধ্যমে জব্দকৃত ম্যাজিক জাল ও চায়না দোয়ারি আগুনে ভস্মিভুত করা হয়।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা গোলাম সরোয়ার পরাগ মৎস্য বিভাগকে সার্বিক সহযোগীতা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার ভুমিসহ বাংলাদেশ পুলিশ এবং ১৭ টি ইউনিয়নের চেয়ারম্যানকে ধন্যবাদ জানান।

তিনি বলেন, জেলার মৎস্য সম্পদ রক্ষার্থে উপজেলা মৎস্য বিভাগ সম্ভব সব কিছু করবে।

দেশে খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখা সরকারের মূল লক্ষ্য- জনপ্রশাসন

[redacted]

[redacted]

[redacted]

[

দামুড়হুদায় সার বেশি দামে বিক্রি করায় জরিমানা

দামুড়হুদার কুড়ুলগাছি বাজারে ভোক্তা পর্যায়ে বেশি দামে সার বিক্রি করার অপরাধে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়েছে।

ভ্রাম্যমাণ আদালতটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সানজিদা বেগম। শনিবার সকাল ১০টার দিকে তিনি এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এসময় কুড়ুলগাছি বাজরের কাউন্সিল মোড়ে অবস্থিত মেসার্স রফিক ট্রেডার্সে ভোক্তা পর্যায়ে বেশি দামে সার বিক্রি করছে এমন অভিযোগের ভিত্তিতে সার ব্যবস্থাপনা আইন ২০০৬ এর ১২ ধারা মোতাবেক দোষী প্রমাণিত হওয়ায় তাকে ৫ হাজার টাকা জরিমানা আদায় করেন।

এসময় নির্বাহী ম্যাজিস্ট্রেট সানজিদা বেগম বলেন, কেউ যাতে কৃত্রিম সংকট দেখিয়ে সারের দাম বেশি না নিতে পারে, সে বিষয়ে তদারকি ও ভ্রাম্যমাণ আদালত জোরদার করা হবে।

গাংনীতে সাবেক সংসদ সদস্য নুরুল হকের মৃত্যু বার্ষিকী

পালন

মেহেরপুরের গাংনীতে গণ পরিষদ সদস্য, সাবেক সংসদ সদস্য ও হাজী ভরষ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রধান শিক্ষক নুরুল হকের ২৪ তম মৃত্যু বার্ষিকী উপলক্ষে আলোচনাসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

পরিবারের আয়োজনে শনিবার সকাল ১১টায় মরহুমের বাস ভবনের সামনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন হাজী ইছার উদ্দীন।

বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের যুগ্মসম্পাদক অ্যাডভোকেট ইব্রাহীম শাহীন। গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট একেএম শফিকুল আলম। মরহুমের ছেলে আ স ম নাজমুল হক সাগর। এসময় রাজনৈতিক, সামাজিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর সদর থানার রামদাসপুর পুলিশ ক্যাম্পের মাদক উদ্ধার অভিযানে ১ গ্রাম হেরোইনসহ মোঃ সোহাগ হোসেন ওরফে সেতু (২৭) কে আটক করেছে।

আটক সোহাগ মেহেরপুর সদর থানার তেরঘরিয়া গ্রামের বিলপাড়া এলাকার মৃতু নুর মহাম্মদ শেষের ছেলে।

রামদাসপুর পুলিশ ক্যাম্পের এসআই(নিঃ) মোঃ তৌহিদুল ইসলামের নেতৃত্বে পুলিশের ক্যাম্পের একটি টিম শুক্রবার দিবাগত রাতে রামদাসপুর গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করেন। এসময় তার কাছে থেকে ১ গ্রাম হেরোইন জব্দ করা হয়।

আসামীর বিরুদ্ধে ৩৬(১) সারণির ৮(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮; ধারায় মেহেরপুর সদর থানার একটি মামলা হয়েছে। মামলা নং-৩৫।

আজ শনিবার (২৭ আগষ্ট) আটককে বিচারের নিমিত্তে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৬ গ্রেফতার

মেহেরপুর পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৬ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে গাংনী থানা পুলিশ ৩ জন ও সদর থানা পুলিশ ৩ জনকে গ্রেফতার করেন।

শুক্রবার সকাল থেকে আজ শনিবার (২৭ আগষ্ট) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ওসি রফিকুল ইসলামদের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযানে অংশ নেন। সংশ্লিষ্ট থানা সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

এসময় দুটি থানায় ৫ টি মামলা রুজ্জু হয়েছে। গাংনী থানায় মাদক আইনে দুটি ও সদর থানায় তিনটি মামলা রুজ্জু হয়েছে। এছাড়া ১ কেজি ৭০০ গ্রাম গাঁজা জব্দ হয়েছে।

গ্রেফতারকৃতদের আজ শনিবার (২৭ আগষ্ট) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

ঝিনাইদহে সাংবাদিকদের সাথে

নবাগত পুলিশ সুপারের মত বিনিময়

ঝিনাইদহ জেলায় কর্মরত সাংবাদিকদের সাথে নবাগত পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান এর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৭আগষ্ট) দুপুরে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে এই মতবিনিমিয় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিয় সভায় নবাগত পুলিশ মোহাম্মদ আশিকুর রহমান বিপিএম, টিপিএম (বার) ছাড়াও উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, অতিরিক্ত পুলিশ সুপার ঝিনাইদহ সদর সার্কেল এসপি আবুল বাশার, অতিরিক্ত পুলিশ সুপার আবু রাসেল, সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা। এসময় ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারন সম্পাদক মাহমুদুল হাসান টিপু, সিনিয়র সদস্য দৈনিক উত্তেফাকের বিমল বিশ্বাস, কালের কন্ঠ পত্রিকার সাইফুল মাবুদ, এটিএন বাংলা ও এটিএন নিউজ এর জেলা প্রতিনিধি নিজাম জোয়ার্দ্দার, প্রেসক্লাবের সহ সভাপতি ফয়সাল আহম্মেদ, সহসাধারণ সহসাধারণ সম্পাদক কে এম সালেহসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিকস মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

আশিকুর রহমান গত ২৫ আগস্ট ঝিনাইদহের এর পুলিশ সুপার হিসাবে যোগদান করেছেন। তিনি ২৪তম বিসিএস পরীক্ষায় পুলিশ সার্ভিসের মাধ্যমে সহকারী পুলিশ সুপার (এএসপি) পদে নিয়োগ লাভ করেন। কর্মজীবনের শুরুতে তিনি সহকারী পুলিশ সুপার হিসেবে সাতক্ষীরা জেলায় যোগদান করেন এবং সর্বশেষ উপ-পুলিশ কমিশনার (ডিবি) হিসেবে ঢাকা মেট্রোপলিটন পুলিশের দায়িত্ব পালন করেছেন ।

পুলিশ বিভাগে চাকরিতে আসার পর থেকে পেশাগত দায়িত্ব পালনে জনগনের সেবার বিষয়টি নিজের মেধা ও প্রজ্ঞা দিয়ে নিষ্ঠার সাথে পালন করে আসছেন বলে তিনি জানান। তিনি জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় থেকে পদার্থ বিজ্ঞান বিভাগে অনার্স এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেছেন।

মতবিনিময় সভায় নবাগত পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান বলেন, এখানকার মানুষের জানমালের নিরাপত্তা, মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে জিরো টলারেন্স ঘোষনা করা হয়েছে। দায়িত্ব পালনে সাংবাদিকদের বলেন, আপনাদের পারস্পারিক সহযোগীতায় আমরা কাজ করে যাব। বিভিন্ন তথ্য দিয়ে আমাকে সহযোগিতা করবেন, আমি যেন আমার উপর

অপিত দায়িত্ব যথাযথ ভাবে পালন করতে পারি। তিনি সাংবাদিকদের নিকট সার্বিক সহযোগিতা কামনা করেছেন।

এসময় তিনি সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন এবং সকলকে যথাসময়ে তথ্য প্রদান করে সাংবাদিকদের সহযোগীতা করার আশ্বাস প্রদান করেন। তিনি সত্য তুলে ধরার পাশাপাশি ইতিবাচক সংবাদ প্রচারেরও আহ্বান জানান।

গাংনীর হাড়িয়াদহ গ্রামে ছাগল চোর সন্দেহে দুজনকে গনপিটুনী

বিপ্লব হোসেন ও মিন্টু আলী নামের দুই ছাগল চোর সন্দেহে আটক করে উত্তম মাধ্যম দিয়ে পুলিশে দিয়েছেন স্থানীয়রা।
গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামে তাদের আটক গ্রামবাসি।

বিপ্লব হোসেন চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার বৈদ্যনাথপুর খয়ের আলীর ছেলে এবং মিন্টু আলী একই উপজেলার হারদী গ্রামের মাদার আলীর ছেলে।

আজ শনিবার (২৬ আগষ্ট) সকাল ১০ টার দিকে হাড়িয়াদহ গ্রামের রাস্তা থেকে ছাগল চোর সন্দেহে তাদের ধরে উওম মাধ্যম দেন ।
গাংনী থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) হুমায়ন কবীর বলেন, এ দুজন রাস্তা দিয়ে হেটে যাওয়ার সময় তাদের গ্রামবাসি ছাগল চোর সন্দেহে ধরে মারধর করে। পরে গ্রামবাসি ৯৯৯ কল দিলে সেই কল পেয়ে আমরা ঘটনাস্থল থেকে তাদের উদ্ধার করে থানায় নিয়ে এসেছি।

তিনি বলেন, গ্রামের রোকনুজ্জামান নামের একজনের ছাগল চুরির কথা বলা হলেও রোকন জানিয়েছেন এই ছাগল আমরা না। অনেক আগে আমার ছাগল চুরি হয়েছে।

এছাড়া তাদের বিরুদ্ধে কোনো থানায় মামলা বাজিডি নেই। তাই তাদের বাবার কাছে তুলে দেওয়ার সিদ্ধান্ত হয়েছে।

প্রেম, দ্রোহ, সাম্যবাদ ও জাগরণের কবি কাজী নজরুল

প্রেম, দ্রোহ, সাম্যবাদ ও জাগরণের কবি কাজী নজরুল ইসলাম। ডাক নাম ‘দুখু মিয়া’। বাংলা সাহিত্যে বিদ্রোহী কবি হিসেবে পরিচিত হলেও তিনি ছিলেন একাধারে কবি, সংগীতজ্ঞ, ঔপন্যাসিক, গল্পকার, নাট্যকার, প্রাবন্ধিক, সাংবাদিক, চলচ্চিত্রকার, গায়ক ও অভিনেতা। তিনি বৈচিত্র্যময় অসংখ্য রাগ-রাগিনী সৃষ্টি করে বাংলা সঙ্গীত জগতকে মর্যাদার আসনে অধিষ্ঠিত করেছেন।

আজ ২৭ আগষ্ট শনিবার, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪৬তম মৃত্যুবার্ষিকী। ১৯৭৬ সালের শোকের মাসের এদিনে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে (সাবেক পিজি হাসপাতাল) শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

কবিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের পাশে রাষ্ট্রীয় মর্যাদায় সমাহিত করা হয়। সেখানেই তিনি চিরনিদ্রায় শায়িত।

জাতীয় কবির মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে মেহেরপুরের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক সংগঠন কর্মসূচি গ্রহণ করেছে। এসব কর্মসূচির মধ্যে রয়েছে আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।মেহেরপুর শিল্পকলা একাডেমী ও গাংনী উপজেলা শিল্পকলা একাডেমী পৃথকভাবে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছেন।

নজরুলের সৃষ্টিকর্ম প্রসঙ্গে বিশেষজ্ঞরা বলেন, ‘নজরুল ইতিহাস ও সময় সচেতন মানুষ ছিলেন, যার প্রভাব তাঁর লেখায় স্পষ্টভাবে পাওয়া যায়। তুরস্কে কামাল পাশার নেতৃত্বে প্রজাতন্ত্রের প্রতিষ্ঠা, রাশিয়ায় সমাজতান্ত্রিক বিপ্লব আর ভারতবর্ষে ব্রিটিশবিরোধী আন্দোলনের তরঙ্গকে নজরুল তাঁর সাহিত্যে বিপুলভাবে ধারণ করেছেন। সেই সময়ে ধর্মান্ধ মুসলমানদের তিনি পুনর্জাগরণের ডাক দিয়েছেন এবং এক্ষেত্রে তাঁর ভূমিকা ছিল একজন বলিষ্ঠ নেতার মতো।’

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ১৩০৬ সালের ১১ জ্যৈষ্ঠ পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর ডাক নাম

‘দুখু মিয়া’। পিতার নাম কাজী ফকির আহমেদ ও মাতা জাহেদা খাতুন।

কাজী নজরুল ছিলেন চির প্রেমের কবি। তিনি যৌবনের দূত। তিনি প্রেম নিয়েছিলেন, প্রেম চেয়েছিলেন। মূলত তিনি বিদ্রোহী, কিন্তু তাঁর প্রেমিক রূপটিও প্রবাদপ্রতিম। তাই, মানুষটি অনায়াসেই বলতে পারেন ‘আমার আপনার চেয়ে আপন যে জন খুঁজি তারে আমি আপনায়’।

বাংলাদেশের স্বাধীনতার পর পরই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামকে সপরিবারে সদ্যস্বাধীন বাংলাদেশে নিয়ে আসেন। তিনি রাষ্ট্রীয় মর্যাদায় বাংলাদেশে তাঁর বসবাসের ব্যবস্থা করেন এবং ধানমণ্ডিতে কবির জন্য একটি বাড়ি প্রদান করেন।

দুখু মিয়া ছিলেন অসাম্প্রদায়িক চেতনার পথিকৃৎ লেখক। তাঁর লেখনি জাতীয় জীবনে অসাম্প্রদায়িক চেতনা বিকাশে ব্যাপক ভূমিকা পালন করে। তাঁর কবিতা ও গান মানুষকে যুগে যুগে শোষণ ও বঞ্চনা থেকে মুক্তির পথ দেখিয়ে চলছে।

আলমডাঙ্গায় ১০ পিস ইয়াবাসহ আটক-১

আলমডাঙ্গার রোয়াকুলি ১০ পিস ইয়াবা ট্যাবলেটসহ আকাশ (২৫) নামে এক যুবককে আটক করেছে পুলিশ।

শুক্রবার রাত ৮টার দিকে আলমডাঙ্গা থানার এসআই শরীয়তুল্লাহ জেহালা ইউনিয়নের রোয়াকুলি গ্রাম থেকে আটক করেন। সে রোয়াকুলি গ্রামের সাহাবুলের ছেলে।

আগামীকাল শনিবার তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হবে বলে আলমডাঙ্গা থানার (ওসি) সাইফুল ইসলাম নিশ্চিত করেছেন।

পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম বলেন, ‘মাদক বিক্রির গোপন সংবাদ পেয়ে থানার এসআই শরীয়তুল্লাহ সঙ্গীয় ফোর্স নিয়ে রোয়াকুলি গ্রামে অভিযান পরিচালনা করেন। এসময় সন্দেহ মূলক ভাবে আকাশকে আটক